core মূল লোকহিতকর কাজের পারদর্শিতার কাঠামো

লোকহিতকারীদের কার্যকরী ভাবে কাজ করতে পারার জন্য, তাদের সাথে সহায়তা করে

পারদর্শিতার ক্ষেত্রগুলি	লোকহিতকর কাজের মূল ক্ষেত্রগুলির প্রসঙ্গটা বুঝতে পারা এবং লোকহিতকর কাজের নীতি ও মান প্রয়োগ করা	ফলাফল অর্জন করা	সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলা ও বজায় রাখা	সবসময় নিরাপদ ও সুরক্ষিত ভাবে কাজ করা	চাপের মধ্যে এবং পরিবর্তনশীল পরিস্থিতিতে কাজ করতে পারা	নেতৃত্ব দেওয়ার ক্ষমতা প্রদর্শন করা
ফলাফল	কাজ করার পরিস্থিতি, কারা প্রধান স্টেইকহোল্ডার (অর্থাৎ যাদের স্বার্থ এর সাথে জড়িত আছে), এবং কাজের যেসব পদ্ধতিগুলির প্রভাব বর্তমান ও ভবিষ্যতের লোকহিতকর হস্তক্ষেপের ওপর পড়বে তা বুঝতে পারে	নিজের কাজের জন্য কৈফিয়ৎ দিতে বাধ্য থাকে এবং দীর্ঘস্থায়ী ফলাফল অর্জন করার উদ্দেশ্যে, কার্যকরী ভাবে সঙ্গতিগুলি ব্যবহার করে	স্টেইকহোল্ডার এবং কর্মীদের মধ্যে সহযোগিতামূলক ও সমন্বয়পূর্ণ সম্পর্ক গড়ে তোলে ও বজায় রাখে	চাপের পরিস্থিতিতে নিরাপদে ও সুরক্ষিত ভাবে কাজ করে	কার্যকরী ভাবে কাজ করার উদ্দেশ্যে, লোকহিতকর কাজের চাপ ও পরিবর্তনের সাথে খাপ খাইয়ে নিতে পারে	লোকহিতকর নীতি ও মূল্যবোধের পরিচয় দিতে পারে, এবং ভূমিকা, কাজ বা পদমর্যাদা নির্বিশেষে, জটিল পরিস্থিতিতে সাফল্য লাভ করতে অন্যদের অনুপ্রাণিত করতে পারে
লোকহিতকর কাজে সাড়া দেওয়ার সাথে জড়িত সব কর্মীদের পারদর্শিতা ও মূল আচরণের ভিত্তি হচ্ছে দক্ষতা ও জ্ঞান **সব কর্মচারীরা**	**লোকহিতকর কাজের প্রসঙ্গটি বুঝতে পারা** > প্রস্তুতি ও আকস্মিক প্রয়োজন, বিপর্যয়ের ঝুঁকি কমানো, সাড়া দেওয়া ও স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে দেওয়া সমেত, লোকহিতকর কাজে সাড়া দেওয়ার পর্যায়গুলি বুঝতে পারার ক্ষমতা প্রদর্শন করা > রাজনৈতিক ও সামাজিক পরিপ্রেক্ষির ক্ষেত্রে, এবং লোকের সঙ্কটাবস্থার অন্তর্নিহিত কারণ সম্বন্ধে এই বুঝতে পারাকে প্রয়োগ করে > লোকহিতকর কাজের ক্ষেত্রে লিঙ্গ, বৈচিত্র্য, এবং অন্তর্ভুক্ত করার দিকগুলি বুঝতে পারার ক্ষমতা প্রদর্শন করে > সঙ্কটাপন্ন জনসাধারণের প্রয়োজন, দক্ষতা, ক্ষমতা ও অভিজ্ঞতার কথা বিবেচনা করে এবং সেই মত ব্যবস্থা গ্রহণ করে	**কার্যক্রমের মান ও প্রভাব নিশ্চিত করা** > প্রকল্পের আবর্তন পরিচালনা করার ব্যাপারটি বুঝতে পারার ক্ষমতা প্রদর্শন করে > কার্যকরী প্রকল্প ও কার্যক্রমের পরিকল্পনা করা ও তা কার্যকরী করায় সক্রিয় ভাবে অংশগ্রহণ করে > যে সঙ্গতি রয়েছে তা ব্যবহার করে সময়মত উপযুক্ত ফলাফল অর্জন করাকে লক্ষ্যের কেন্দ্রে রাখা বজায় রাখে **কৈফিয়ৎ দেওয়ার দায়িত্ব সমেত কাজ করা** > কাজ ও সিদ্ধান্তের জন্য সঙ্কটাপন্ন লোকদের কাছে কৈফিয়ৎ দেয় > প্রত্যাশা না বাড়িয়ে, প্রাসঙ্গিক ও কাজে লাগার মত তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও বিলি করে এবং সঙ্কটাপন্ন লোকদের ও অন্যান্য স্টেইকহোল্ডারদের কাছ থেকে এই কাজের সম্বন্ধে মতামত নেয়	**অন্যদের কথা শোনা ও আলোচনার সৃষ্টি করা** > নতুন ও অন্যান্য দৃষ্টিভঙ্গির কথা এবং সঙ্কটাপন্ন লোকদের, স্টেইকহোল্ডারদের ও টীমের সদস্যদের অভিজ্ঞতার কথা সক্রিয় ভাবে শোনে > সঙ্কটাপন্ন ব্যক্তি ও অন্য স্টেইকহোল্ডারদের মাঝে স্বচ্ছ আলোচনার সূত্রপাত করে ও তা বজায় রাখে **অন্যদের সাথে কাজ করা** > কার্যক্রমের উদ্দেশ্য সফল করার উদ্দেশ্যে টীমের মধ্যে ইতিবাচক অবদান দেয় > সঙ্কটাপন্ন লোকদের সহমর্মিতা, মর্যাদা ও সহানুভূতি প্রদর্শন করে > উপযুক্ত মাধ্যম ও প্রযুক্তি ব্যবহার করে সমন্বিত ভাবে বার্তা দিয়ে নিয়মিত ও দায়িত্বপূর্ণ ভাবে যোগাযোগ করে	**সঙ্কটাপন্ন লোক, অংশীদার ও স্টেইকহোল্ডারদের ঝুঁকি যত দূর সম্ভব কম রাখা** > সঙ্কটাপন্ন ব্যক্তিদের ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্টেইকহোল্ডারদের নিরাপত্তার দিকে লক্ষ্য রাখে > ঝুঁকি ও বিপদগুলি শনাক্ত করে ও জানিয়ে দেয় এবং নিজের ও প্রতিষ্ঠানের জন্য এগুলি কমিয়ে দেয় > সঙ্গী ও সঙ্কটাপন্ন লোকদের যাতে কোন ক্ষতি না হয় ও ঝুঁকি যতটা সম্ভব ততটা কমিয়ে দেওয়া যায় তার জন্য ব্যবস্থা নেয় **ব্যক্তিগত নিরাপত্তা ও সুরক্ষা ব্যবস্থার পরিচালনা করা** > লোকহিতকর নীতি ও মান অনুযায়ী কাজের গ্রহণযোগ্যতা গড়ে তোলে এবং বজায় রাখে > বিভিন্ন দুর্বলতাগুলির কথা বুঝতে পারে: প্রতিষ্ঠানের স্থির করে দেওয়া নিরাপত্তা ও সুরক্ষা সংক্রান্ত প্রচলিত পদ্ধতগুলি মেনে চলে এবং স্থানীয় পরিস্থিতিতে সেগুলি উপযোগী করে দুর্বলতাগুলি কমিয়ে দেয়	**খাপ খাইয়ে নেওয়া এবং সামলানো** > দ্রুত পরিবর্তনশীল পরিস্থিতিতে কাজের উদ্দেশ্য ও লক্ষ্যের দিকে মনোযোগ নিবদ্ধ রাখে > পরিবর্তনশীল পরিস্থিতি ও সীমাবদ্ধতার সাথে অবিচলিত ভাবে মানিয়ে নেয় > ব্যক্তিগত চাপ বুঝতে পারে এবং তা কমানোর জন্য ব্যবস্থা নেয় > চাপের মধ্যেও গঠনমূলক ও ইতিবাচক থাকে, যাতে কঠিন ও সমস্যাবহুল পরিস্থিতি সহ্য করতে পারে **পেশাদারী দৃষ্টিভঙ্গি বজায় রাখা** > নিজের কাজের জন্য এবং অন্যদের ওপর সেই কাজের প্রভাবের জন্য দায়িত্ব স্বীকার করে > চাপের মধ্যে ভাল ভাবে কাজের পরিকল্পনা করে, অগ্রাধিকার স্থির করে এবং কাজ করে > প্রাসঙ্গিক আচরণবিধি অনুসারে নৈতিক ও পেশাদারী আচরণ বজায় রাখে	**নিজের সম্পর্কে সচেতনতা** > ক্ষমতা ও সীমাবদ্ধতা সম্বন্ধে এবং অন্যদের ওপর প্রভাবের সম্বন্ধে সচেতনতার পরিচয় দেয় > দক্ষতার গুরুত্ব, এবং টীমের কার্যকারিতা গড়ে তুলতে সেই দক্ষতা কি ভাবে অন্যদের দক্ষতার পরিপূরক হিসাবে কাজ করে তা বুঝতে পারার ক্ষমতা প্রদর্শন করে > কাজের মানের উন্নতি করার উদ্দেশ্যে, কাজের সম্বন্ধে অন্যদের মতামত জানতে চায় ও সেগুলির সম্বন্ধে ভেবে দেখে **অন্যদের অনুপ্রাণিত ও প্রভাবিত করা** > লোকহিতকর মূল্যবোধ লোককে জানায় এবং সেগুলির সম্বন্ধে জানাতে অন্যদের উৎসাহ দেয় > আত্মবিশ্বাস রাখতে অন্যদের অনুপ্রাণিত করে > প্রতিষ্ঠানের বিশ্বাস ও মূল্যবোধের বিষয়ে স্পষ্ট ভাবে কথা বলে > টীমের সকলের সহযোগিতা করায় উৎসাহ দেওয়ার উদ্দেশ্যে সক্রিয় ভাবে শোনার ক্ষমতা প্রদর্শন করে > কার্যক্রমের লক্ষ্য অর্জন করার উদ্দেশ্যে অন্যদের ইতিবাচক ভাবে প্রভাবিত করে

লোকহিতকর কাজে সাড়া দেওয়ার সাথে জড়িত সব কর্মীদের পারদর্শীতা ও মূল আচরণের ভিত্তি হচ্ছে দক্ষতা ও জ্ঞান

লোকহিতকর মান ও নীতি প্রয়োগ করা

> কার্যক্রমের লক্ষ্য, কাজ ও কর্মীদের আচরণে প্রতিষ্ঠানের প্রতিশ্রুতি দেওয়া মূল জাতীয় ও আন্তর্জাতিক লোকহিতকর কাজের কাঠাম, মান, নীতি ও কার্যবিধি মেনে চলা নিশ্চিত করে

> কৈফিয়ৎ দিতে হওয়ার নীতি ও মান অনুযায়ী দায়িত্বপূর্ণ ভাবে ক্ষমতা ব্যবহার করে

> লোকহিতকর ব্যবস্থার মধ্যে নিজের, প্রতিষ্ঠানের এবং অন্যদের ভূমিকা বুঝতে পারার পরিচয় দেয়

> সমন্বিত ভাবে কাজ করার ব্যবস্থা বুঝতে পারার পরিচয় দেয়

সিদ্ধান্ত নেওয়া

> দ্রুত পরিবর্তনশীল ও বিভিন্ন সাংস্কৃতিক পরিস্থিতিতে সবসময় সঙ্কটাপন্ন লোকেদের লক্ষ্যের কেন্দ্র করে তথ্য সংগ্রহ করে এবং নমনীয়তা প্রদর্শন করে

> কখন সিদ্ধান্ত নেওয়া যাবে এবং কখন অন্যদের জড়িত করতে হবে তা বুঝতে পারার ক্ষমতা প্রদর্শন করে

> ফল অর্জন করার উদ্দেশ্যে, সিদ্ধান্তের ব্যাপক প্রভাবের কথা বিবেচনা করে

> সিদ্ধান্ত নেওয়ার সময় পরিকল্পনা করা ও অন্যদের কাজের দায়িত্ব দেওয়া এর অন্তর্ভুক্ত করে

> ভাল প্রণালী জানার জন্য ও তাতে অবদান দেওয়ার জন্য সক্রিয় ভাবে নেটওয়ার্কে অংশগ্রহণ করে

> আন্তর্জাতিক রেড ক্রস (Red Cross), রেড ক্রেসেন্ট (Red Crescent) এবং নন গভর্নমেন্ট অর্গানাইজেশন / আলাদা আলাদা এজেন্সীর আচরণবিধি ভঙ্গ করে সেরকম সিদ্ধান্ত ও আচরণের বিরোধিতা করে

> নিরাপত্তার গুরুত্বকে এগিয়ে ধরে এবং সহকর্মী ও টীমের সদস্যদের নিরাপত্তার দিকে সবসময় খেয়াল রাখে

> নিজের পদটা দায়িত্বপূর্ণ ও ন্যায্যভাবে ব্যবহার করে ব্যক্তিগত সততা প্রদর্শন করে

> যেসব অভ্যন্তরীন ও বাইরের প্রভাব কাজের মানের ওপর প্রভাব ফেলে সেগুলির বিষয়ে সচেতনতা প্রদর্শন করে

অত্যন্ত গুরুত্বপূর্ণ ক্ষেত্রে সুবিবেচনা করার ক্ষমতা

> নির্দিষ্ট নির্দেশের অভাবে, সমস্যাজনক পরিস্থিতিতে বিশ্লেষণ করতে পারে এবং সিদ্ধান্ত নিতে পারে

> উদ্যোগ নেওয়ার ক্ষমতা এবং সৃজনমূলক উন্নতি ও কাজ করার আরও ভাল পদ্ধতির প্রস্তাব করার ক্ষমতা প্রদর্শন করে

> সাফল্য অর্জন করার জন্য দৃঢ়সংকল্পতা প্রদর্শন করতে পারে

ম্যানেজাররা

তথ্য ও জ্ঞানের ভিত্তিতে লোকহিতকর সাড়া দেওয়ার কাজের জন্য, ম্যানেজারদের যে অতিরিক্ত পারদর্শীতাগুলি থাকতে হবে

লোকহিতকর কাজের প্রসঙ্গটি বুঝতে পারা

> প্রধান বিষয়গুলি বিচার করে দেখে ও বিশ্লেষণ করে এবং সেগুলিতে সাড়া দেওয়ার জন্য কি করা হবে তা স্থির করে

> লিঙ্গ, বৈচিত্র্য সমেত অন্তর্ভুক্ত করার দিকগুলির প্রতি প্রতিষ্ঠানকে একনিষ্ঠ করে

লোকহিতকর কাজের মান ও নীতি প্রয়োগ করে

> কাজ করার বিষয়টি বুঝতে পারার ওপর ভিত্তি করে প্রতিষ্ঠানের সাড়া দেওয়াটা তৈরী করার কাজে অংশগ্রহণ করে

> আন্তর্জাতিক লোকহিতকর আইন ও প্রাসঙ্গিক চুক্তিগুলিকে মর্যাদা দেয়

> প্রতিষ্ঠানের দৃষ্টিভঙ্গি ও কর্মকৌশল বুঝতে পারার ওপর ভিত্তি করে সক্রিয় ভাবে সমন্বিত ভাবে বিপর্যয় সংক্রান্ত কাজ করা ও বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে সহযোগিতার কাজে সক্রিয় ভাবে অংশগ্রহণ করে

> লোকহিতকর কাজের যেসব মান ও নীতি কর্মচারীদের আচরণ নিয়ন্ত্রণ করে, সেগুলিকে এগিয়ে ধরে ও সেগুলিকে মেনে চলা নিশ্চিত করে

কার্যক্রমের মান ও প্রভাব নিশ্চিত করা

> কাজের মান স্থির করে এবং একমত হওয়া কাজ করার পদ্ধতি অনুসরণ করে

> কাজের প্রভাব সবচেয়ে বেশী করার উদ্দেশ্যে, টীমের মধ্যেকার ভূমিকা ও দায়িত্বগুলি স্পষ্ট করে দেয়

> একই কাজ দু'বার করা এড়ানোর জন্য ও সঙ্গতি সবচেয়ে ভাল ভাবে ব্যবহার করার জন্য সক্রিয় ভাবে স্টেইকহোল্ডারদের সাথে সহযোগিতা করে

> আরও ভাল ফলাফল লাভ করার জন্য নিয়মিত ভাবে কাজের সম্বন্ধে মতামত জানায়

> যা শিক্ষা লাভ করা হবে তা লিখে রাখে এবং ভবিষ্যত প্রকল্পগুলিতে প্রয়োগ করে

> ফলাফল অর্জন করার জন্য আধুনিকতম উপায় ও প্রযুক্তি, দায়িত্বপূর্ণ ভাবে ব্যবহার করাকে এগিয়ে ধরে

কৈফিয়ৎ দেওয়ার দায়িত্ব সমেত কাজ করা

> অর্থপূর্ণ প্রণালীর ব্যবস্থা করে, যার মধ্য দিয়ে সঙ্কটাপন্ন লোকরা সাড়া দিতে পারে এবং তাদের আশা ও উদ্বেগগুলি জানাতে পারে

> অভ্যন্তরীন নিয়ন্ত্রণের ব্যবস্থা অনুযায়ী সঙ্গতির দক্ষ ও স্বচ্ছ ব্যবহার নিশ্চিত করে

অন্যদের কথা শোনা ও আলোচনার সৃষ্টি করা

> সঙ্কটাপন্ন লোক, সঙ্গী ও অন্যান্য স্টেইকহোল্ডারদের কাছ থেকে পাওয়া কাজ সংক্রান্ত মতামতকে কার্যক্রমের ধরনের মধ্যে এবং তা কার্যকরী করা ও শিক্ষার অন্তর্ভুক্ত করা নিশ্চিত করে

অন্যদের সাথে কাজ করা

> টীম ও ব্যক্তিবিশেষের সাথে স্পষ্ট উদ্দেশ্য স্থির করে

> কাজের অগ্রগতি ও ব্যক্তিবিশেষের কাজের মানের ওপর নজর রাখে

> সঙ্গী ও কর্মচারীদের সাথে একমত হয়ে বহুদূরস্থিত কার্যক্রম স্থির করে

> জনসাধারণ ও স্টেইকহোল্ডারদের আস্থা গড়ে তুলতে টীমের সাথে কাজ করে

> চুক্তিগুলি রীতিগত ও কার্যকরী করার উদ্দেশ্যে সঙ্গীদের সাথে স্বচ্ছ ও কৈফিয়ৎ দেওয়ার মত সম্পর্ক রক্ষা করে

> ইতিবাচক ফলাফল অর্জন করতে সাহায্য করার উদ্দেশ্যে আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত আসা ও বিবাদের মীমাংসা করার দক্ষতা ব্যবহার করে

সঙ্কটাপন্ন লোক, অংশীদার ও স্টেইকহোল্ডারদের ঝুঁকি যত দূর সম্ভব কম রাখা

> সঙ্কটাপন্ন লোক ও সঙ্গীদের সাথে একটা কার্যকরী রিস্ক এ্যাসেস্‌মেন্ট করে

> ইউনাইটেড নেশন / নন গভর্নমেন্ট অর্গানাইজেশনের সুরক্ষা সংক্রান্ত বৃহত্তর সমন্বয়ের ব্যবস্থার মধ্যে কি ভাবে প্রতিষ্ঠানটি অংশগ্রহণ করে তা বুঝতে পারার ক্ষমতা প্রদর্শন করে

> নিরাপত্তা ও সুরক্ষাকে অগ্রাধিকার দেয় এবং এর জন্য সঙ্গতির ব্যবস্থা করে

> আকস্মিক প্রয়োজনের জন্য পরিকল্পনা করে এবং একটা দায়িত্বপূর্ণ ভাবে বেড়িয়ে আসার কৌশল কার্যকরী করে

ব্যক্তিগত নিরাপত্তা ও সুরক্ষা ব্যবস্থার পরিচালনা করা

> সুরক্ষা সংক্রান্ত ঝুঁকিগুলির ওপর নজর রাখে এবং নিশ্চিত করে যেকর্মচারীরা যেন প্রতিষ্ঠানের প্রচলিত পদ্ধতিগুলি বুঝতে পারে ও সবসময় মেনে চলে

> কোন সঙ্কটের সময় উপযুক্ত ব্যবস্থা নেয় এবং টীমের সদস্যদের নির্দেশ দেয় ও তাদের সাথে সহায়তা করে

খাপ খাইয়ে নেওয়া এবং সামলানো

> নিজের দেখাশোনা করার উপযুক্ত নমুনা দিয়ে এবং কাজের অগ্রাধিকার স্থির করে দিয়ে অন্যদের চাপ শনাক্ত করতে ও তা নিয়ন্ত্রণ করতে সাহায্য করে

> ভাল থাকা ও 'যত্ন নেওয়ার দায়িত্বকে' এগিয়ে ধরে

পেশাদারী দৃষ্টিভঙ্গি বজায় রাখা

> বাস্তবে সম্ভব এরকম সময়সীমা ও লক্ষ্য স্থির করে

> ভূমিকা ও দায়িত্ব পালন করতে অন্যদের ক্ষমতা দেয়

> প্রতিশ্রুতিগুলির ওপর নজর রাখে এবং স্বচ্ছ ভাবে কাজ করে

> অভিজ্ঞতা ও কাজে সম্বন্ধে দেওয়া মতামতের থেকে শেখার জন্য সময় দেয় এবং এই শিক্ষাগুলি নতুন পরিস্থিতিতে প্রয়োগ করে

অন্যদের অনুপ্রাণিত ও প্রভাবিত করা

> যেসব মূল্যবোধ, প্রধান উদ্দেশ্য ও নীতি হচ্ছে লোকহিতকর কাজের ভিত্তি, সেগুলির কথা স্পষ্ট ভাবে বলে ও প্রদর্শন করে অন্যদের অনুপ্রাণিত করে

> নিয়মিত ভাবে ও সমানে কাজের সম্বন্ধে রীতিগত ভাবে ও ঘরোয়া ভাবে মতামত জানায়

> অন্যদের অবদানকে স্বীকার করে

> সময়সীমা ও পরিবর্তনশীল পরিস্থিতির সাথে নেতৃত্ব দেওয়ার ধরনকে উপযোগী করে দেয়

অত্যন্ত গুরুত্বপূর্ণ ক্ষেত্রে সুবিবেচনা করার ক্ষমতা

> কৌশল সংক্রান্ত বৃহত্তর দৃষ্টিভঙ্গি ও পরিস্থিতির বিষয়ে সচেতনতা বজায় রাখে

> যে পরিস্থিতির সৃষ্টি হচ্ছে ও পরিবর্তনশীল পরিবেশে সাড়া দেওয়ার জন্য স্থির ভাবে কাজ করে ও তাড়াতাড়ি পরিকল্পনাকে উপযোগী করে

> কাজের মানের উন্নতি করার জন্য জেনেশুনে ও হিসাব করে ঝুঁকি নেয়